**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন ।**

**(২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে আগামীকাল সকাল দশটায় 'পরীক্ষা পে চর্চার' ষষ্ঠ পর্ব দেখার আহ্বান জানিয়েছেন ।**

**(৪) আগামী ২৪শে ফেব্রুয়ারি থেকে অনুষ্ঠেয় ৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপে রাজ্যের ৫টি মাঠে আয়োজন করা হবে ।**

****************************************

**CM Meet With PM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লির লোককল্যাণ মার্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী মাতাবাড়িতে নবআঙ্গিকে নির্মিত মাতা ত্রিপুরেশ্বরী মন্দির উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রী মোদীকে আমন্ত্রণ জানান। তিনি দিল্লি বিধানসভা নির্বাচনে অর্জিত সাফল্যের জন্য, জনকল্যানকামী বাজেট পেশ করার জন্য এবং ফ্রান্স ও মার্কিন যুক্তরাষ্ট্রে তাঁর সফল সফরের জন্য প্রধানমন্ত্রীকে উষ্ণ শুভেচ্ছা জানান। মুখ্যমন্ত্রী রাজ্যের উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। এগুলোর মধ্যে রয়েছে, কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি, কৃষক কল্যাণ, ত্রিপুরার যুবকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি,

শিক্ষা ও গবেষণার প্রসারে রাজ্যে এইমস, আইআইটি এবং আইআইএম-এর মতো প্রতিষ্ঠান স্থাপন ইত্যাদি। তাছাড়া আমবাসা, গন্ডাতুইসা, অমরপুর হয়ে কমলপুর থেকে শান্তিরবাজার পর্যন্ত জাতীয় মহাসড়কের বিষয়েও আলোচনা হয়। রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মধ্যে নিবিড় সম্পর্ক এবং আরও শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তোলার লক্ষ্যে এই বৈঠকটি ছিল একটি ইতিবাচক পদক্ষেপ।

***************************

**CM-Amit Shah meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুনদিল্লিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে ত্রিপুরার উন্নয়নের রূপরেখা সহ গত বছরের বন্যা পরবর্তী ত্রাণ পরিষেবা সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

**************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। প্রধানমন্ত্রী আবাস যোজনায় পাকা বাড়ি, রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয় জল, সর্বক্ষেত্রেই মানুষের কাছে বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। আজ উত্তর ত্রিপুরা জেলার লালজুরি ব্লকের নবনির্মিত দ্বিতল ভবনের দ্বারোদঘাটন করে কৃষিমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার বিকশিত ও আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। কৃষিমন্ত্রী আজ লালজুরি ব্লক সংলগ্ন স্থানে কৃষি দপ্তরের ১০০ মেট্রিকটন ক্ষমতা সম্পন্ন গোডাউনেরও দ্বারোদঘাটন করেন। এটি নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ২৫ লক্ষ টাকা। তাছাড়া তিনি লালজুরি বাজার সংলগ্ন স্থানে প্রাণী চিকিৎসার জন্য একটি ভেটেরিনারি ডিসপেন্সারির দ্বারোদঘাটন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা, এমডিসি শৈলেন্দ্র চন্দ্র নাথ, স্বপ্না রাণী দাস, উত্তর ত্রিপুরার ভারপ্রাপ্ত জেলাশাসক বিপ্লব দাস প্রমুখ।

******************************

**Sudhangsu Das-Award :**

তপশিলী জাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে আজ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৪ সালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম থেকে দশম স্থানাধিকারী তপশিলী জাতিভুক্ত ছাত্রছাত্রীদের ডঃ বি আর আম্বেদকর স্বর্ণ পদক এবং পশ্চিম ত্রিপুরা জেলার অন্তর্গত ষষ্ঠ থেকে নবম শ্রেনী এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ তপশিলী জাতিভুক্ত ছাত্রছাত্রীদের মধ্যে মেধা পুরস্কার প্রদান করা হয়। এ উপলক্ষ্যে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানে তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস বলেন রাজ্য সরকার শিক্ষা ব্যবস্থাকে আধুনিকীকরনের জন্য বিভিন্ন উদ্যোগ নিয়েছে। তিনি রাজ্যের বিভিন্ন ব্লকে বিদ্যাজ্যোতি স্কুল, পিএম শ্রী স্কুলগুলিতে গুণগত শিক্ষা প্রসারের বিষয়ে বিস্তারিত উল্লেখ করেন। তিনি বলেন, দেশের বিভিন্ন বড় শহরের ছেলেমেয়েদের তুলনায় রাজ্যের শিশুরা যাতে শিক্ষায় পিছিয়ে না থাকে তা নিশ্চিত করাই এই পদক্ষেপের মূল কারণ। তিনি আরও বলেন যে তপশিলি জাতি কল্যাণ দপ্তর তপশিলী জাতি ছাত্রদের কল্যাণের জন্য বহুমুখী প্রকল্প হাতে নিয়েছে, যেমন বোর্ডিং হাউস এবং শিক্ষাগত অবকাঠামো তৈরি করা, প্রাক-ম্যাট্রিক এবং পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ প্রদান ইত্যাদি। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার প্রমুখ।

****************************

**CBSE :**

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই) পরিচালিত এবছরের মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। প্রথম দিনের বিষয় ছিল ইংরেজি। আজ রাজ্যে মোট ৭৭টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সি.বি.এস.ই স্টেট কোর্ডিনেটর সুজিত দাশগুপ্ত।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Pariksha Pe Charcha :**

পরীক্ষার প্রস্তুতির সময় ইতিবাচকতার গুরুত্বকে প্রধান সহায়ক হিসাবে তুলে ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে আগামীকাল সকাল দশটায় 'পরীক্ষা পে চর্চার' ষষ্ঠ পর্ব দেখার আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন পরীক্ষার্থীদের অন্যতম বড় সহায়ক হলো ইতিবাচকতা। আগামীকাল 'পরীক্ষা পে চর্চা' পর্বে এই বিষয়টি নিয়ে আলোচনা করা হবে এবং আমাদের সঙ্গে থাকবেন বিক্রান্ত মেসি ও ভূমি পেন্দেকার এই পর্বে তাদের মূল্যবান অভিজ্ঞতা তুলে ধরবেন।

****************************

**Tamil Sangam :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং কেন্দ্রীয় তথ্য সম্প্রচার প্রতিমন্ত্রী ড: এল মুরুগান বারাণসীর নমো ঘাটে আজ কাশী তামিল সঙ্গমের তৃতীয় পর্বের উদ্বোধন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী বলেন, কাশি তামিল সঙ্গম আমাদের দেশের বৈচিত্র্যের

মধ্যে ঐক্যকে তুলে ধরে এবং এক ভারত শ্রেষ্ঠ ভারতের ধারনাকে শক্তিশালী করে। এই ১০ দিনের অনুষ্ঠানে সিদ্ধা চিকিৎসা পদ্ধতি, ধ্রুপদী তামিল সাহিত্যে ঋষি অগস্ত্যের উল্লেখযোগ্য অবদান এবং দেশের সাংস্কৃতিক ঐক্যে তাঁর অবদান তুলে ধরা হয়েছে।

কাশী তামিল সঙ্গমের মূল লক্ষ্য হল দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং প্রাচীন শিক্ষার দুটি কেন্দ্র - তামিলনাড়ু এবং  কাশীর মধ্যে প্রাচীন সংযোগগুলিকে পুনরাবিষ্কার করে একে উদযাপন করা। এর লক্ষ্য হল তরুণদের সচেতন করা এবং সাংস্কৃতিক একতা অনুভব করা।

**************************

**Mahakumbh :**

এবার মহাকুম্ভের খবর

######sound byte###

প্রয়াগ্রাজের মহাকুম্ভে ভক্তদের অতিরিক্ত ভিড় সামলাতে উত্তর প্রদেশ সরকার আগামী ৩দিনে অতিরিক্ত ২ হাজার ২৫০টি বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এদিকে, আজ বেলা ১২টা পর্যন্ত ৭৩ লক্ষেরও বেশি মানুষ প্রয়াগরাজের সঙ্গমে পুণ্য স্নান করেছেন। উল্লেখ্য, ভক্তদের নিরাপত্তার কথা মাথায় রেখে প্রয়াগরাজ সঙ্গম রেলষ্টেশন আজ এবং আগামীকাল বন্ধ রাখা হয়েছে।

সাংসদ বিপ্লব কুমার দেব আজ প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে পুন্যস্নান স্নান করেন। শ্রী দেব বলেন আস্থা - নিষ্ঠা ও আধ্যাত্মিকতার মিলন ক্ষেত্র হচ্ছে প্রয়াগরাজ। তিনি রাজ্যবাসীর মঙ্গল কামনা করেন।

######Sound byte###

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত

বিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১১৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum -এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**NSD :**

“বসুধৈব কুটুম্বকম” ভাবনায় আগরতলার নজরুল কলাক্ষেত্রের আনন্দ ভবনে পাঁচদিনব্যাপি ভারত রঙ মহোৎসবের আজ ছিল সমাপ্তি দিন। ৫ দিনব্যাপী এই উৎসবে শিশু কেন্দ্রিক ৫টি নাটক প্রদর্শিত হয়েছে। এব্যাপারে ন্যাশনাল স্কুল অব ড্রামার ত্রিপুরার অধিকর্তা বিপ্লব বরকাকুতি জানান, শিশুদের মানসিক বিকাশের দিকে গুরুত্ব দিয়ে ৫টি নাটক মঞ্চস্থ হয়েছে। প্রতিটি নাটক দর্শকদের দারুণ প্রশংসা পেয়েছে।

#########Byte######

***************************

**All India Police Football :**

আগামী ২৪শে ফেব্রুয়ারি থেকে রাজ্যে শুরু হবে ৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের আসর। পুরুষ ও মহিলা বিভাগে ১২ দিনব্যাপী এই প্রতিযোগিতা চলবে ৭ই মার্চ পর্যন্ত। এই প্রতিযোগিতা সফল করতে আজ আগরতলার শহীদ ভগৎ সিং যুব আবাসে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্রীড়ামন্ত্রী শ্রীরায় বলেন, সর্বভারতীয় এই চ্যাম্পিয়নশিপের আসরকে সফল করার জন্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর সর্বতো সহযোগিতার হাত বাড়িয়ে দেবে।

সভায় পুলিশের ডি.আই.জি প্রবীর মজুমদার জানান, ৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপে বিএসএফ, সিআরপিএফ, আরপিএফ, সিআইএসএফ সহ মোট ৪৩টি দল অংশগ্রহণ করবে। এরমধ্যে ৩৪টি পুরুষ দল এবং ৯টি মহিলা দল। আগামী ২১শে ফেব্রুয়ারি থেকে দলগুলি রাজ্যে আসতে শুরু করবে। রাজ্যের পাঁচটি মাঠে এই চ্যাম্পিয়নশিপের আয়োজন করা হবে। সেগুলি হলো উমাকান্ত স্টেডিয়াম, মোহনপুরের তুলাবাগান স্টেডিয়াম, জিরানীয়ায় শচীন্দ্র কলোনী মাঠ, জম্পুইজলা মাঠ এবং উদয়পুরের চন্দ্রপুর মাঠ।

প্রস্তুতি সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি বিশ্বজিৎ শীল, পুলিশের অতিরিক্ত মহানির্দেশক এম রাজা মুরুগান প্রমুখ উপস্থিত ছিলেন।

************************

**Cataract surgery–Belonia :**

দক্ষিণ জেলা অন্ধত্ব নিবারনী সমিতির উদ্যোগে আজ বিলোনিয়া মহকুমা হাসপাতালে চোখের ছানি অপারেশন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মোট ৪১ জন রোগীর চোখের ছানি অপারেশন করা হয়।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************